



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।

ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com

ওয়েব সাইট : www.gccc.edu.bd.



বিজ্ঞপ্তি

তারিখ : ০৪/০৬/২০২২

এইচ এস সি পরীক্ষা-২০২২ এর ফরম পূরণ

এই কলেজের ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৬/২০২২ তারিখ থেকে ১১/০৬/২০২২ তারিখ পর্যন্ত রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেট-এ নির্ধারিত ফি জমা দিয়ে আগামী ১১/০৬/২০২২ তারিখ থেকে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী ফরম পূরণ কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখে টাকা জমা দান, নিশ্চয়ন ও স্বাক্ষর প্রদানে ব্যর্থতার কারণে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থী দায়ী থাকবে।

ফির পরিমান (নিয়মিত/অনিয়মিত)

ক্রম	টাকার পরিমান (নিয়মিত)	টাকার পরিমান (অনিয়মিত)
বিজ্ঞান	২,৩৮০/-	২,৫৮০/-
ব্যবসায় শিক্ষা+মানবিক (মনোবিজ্ঞান ছাড়া)	১,৮২০/-	২,০২০/-
মানবিক (মনোবিজ্ঞান সহ)	১,৯৬০/-	২,১৬০/-

উল্লেখ্য, অনিয়মিত এক ও দুই বিষয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদেরকে কলেজ অফিসে (প্রশাসনিক ভবন-২ এর ২০৮ নম্বর কক্ষে) যোগাযোগ করার নির্দেশ দেয়া যাচ্ছে।

বিশেষ দ্রষ্টব্য:

- টাকা পরিশোধের পর প্রাপ্ত TXN ID, সচল মোবাইল নম্বর, বোর্ড কর্তৃক প্রদত্ত পরীক্ষার্থীর সম্ভাব্য তালিকা (Probable Candidate List)-এর থেকে নিজ নিজ ক্রমিক নম্বর কলেজ থেকে প্রাপ্ত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি লিখে কমিটির নিকট জমা দেয়ার নির্দেশ দেয়া যাচ্ছে।
- যারা টিসি নিয়ে ভর্তি হয়েছে তাদেরকে পূর্বতন কলেজ থেকে Probable Candidate List এর ফটোকপি নিয়ে আসতে হবে।
- অনিয়মিত সকল ছাত্র-ছাত্রীকে পূর্বের মূল প্রবেশপত্র ফরম পূরণ কমিটির নিকট জমা দিতে হবে।
- অনিয়মিত যে সকল পরীক্ষার্থী পূর্বে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ফরম পূরণ কমিটির নিকট জমা দিতে হবে।
- যে সকল ছাত্র-ছাত্রী মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদেরকে উচ্চ মাধ্যমিক পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র, প্রবেশপত্র (নাম-ঠিকানা ও ফোন নম্বর সম্বলিত বড় খামে) ফরম পূরণ কমিটির নিকট জমা দিতে হবে।

কাগজপত্র জমা দেয়ার স্থান ও সময় :


তারিখ	বিভাগ	সময়	কক্ষ নং/স্থান
১১/০৬/২০২২	বিজ্ঞান -নিয়মিত	সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা	একাডেমিক ভবন-৫, ৪০২ নম্বর কক্ষ
১২/০৬/২০২২	ব্যবসায় শিক্ষা -নিয়মিত (দিবা)	সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা	একাডেমিক ভবন-৫, ৪০২ নম্বর কক্ষ
	ব্যবসায় শিক্ষা-নিয়মিত (বৈকালিক)	দুপুর ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা	একাডেমিক ভবন-৩, ৫০১ নম্বর কক্ষ
১৩/০৬/২০২২	মানবিক-নিয়মিত (দিবা)	সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা	একাডেমিক ভবন-৫, ৪০২ নম্বর কক্ষ
	মানবিক-নিয়মিত (বৈকালিক)	দুপুর ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা	একাডেমিক ভবন-৩, ৫০১ নম্বর কক্ষ
১৪/০৬/২০২২	সকল বিভাগ (দিবা) (অনিয়মিত/মান-উন্নয়ন)	সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা	একাডেমিক ভবন-৫, ৪০২ নম্বর কক্ষ
১৪/০৬/২০২২	সকল বিভাগ (বৈকালিক) (অনিয়মিত/মান-উন্নয়ন)	দুপুর ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা	একাডেমিক ভবন-৩, ৫০১ নম্বর কক্ষ


বিঃদ্র: বোর্ড কর্তৃক প্রদত্ত পরীক্ষার্থীর চূড়ান্ত তালিকায় (Final List) দ্বাদশ শ্রেণির প্রস্তুতি মূলক পরীক্ষা চলাকালীন স্বাক্ষর প্রদান করতে হবে। স্বাক্ষর প্রদানে ব্যর্থ হলে ফরম পূরণ সম্পূর্ণ হবে না।


➤ রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেট-এর মাধ্যমে ফি পরিশোধ করার নিয়মাবলী :

- শিওর ক্যাশ মোবাইল APP এর মাধ্যমে অথবা *৪৯৫# ডায়াল করলে স্ব স্ব মোবাইল স্ক্রিনে শিওর ক্যাশ মেনু পাবে।
- শিওর ক্যাশ মেনুর ৩ চাপ দিয়ে (payment অপশন) send করতে হবে।
- Payee account or keyword : GCCCIA টাইপ করে send বাটন চাপতে হবে।
- Student ID: অপশনে নিজ নিজ এইচ এস সি রেজিঃ নম্বর টাইপ করে send বাটন চাপতে হবে।
- স্ক্রিনে প্রদর্শিত শিক্ষার্থীর নাম, রেজিঃ নম্বর এবং টাকার পরিমান যাচাই করে নির্ধারিত ফি [যার ক্ষেত্রে যে ফি প্রযোজ্য] টাইপ করে send করতে হবে।
- পিন নম্বর (৪ ডিজিটের গোপন নম্বর) টাইপ করে payment confirm করত: ফিরতি Paid SMS পাওয়া যাবে।
- প্রতিবার payment এর জন্য ১% চার্জ প্রযোজ্য।

উল্লেখ্য, যে কোন সমস্যার জন্য শিওর ক্যাশ কাস্টমার কেয়ার ১৬৪৯৫ নম্বরে অথবা রূপালী ব্যাংকের নিকটস্থ যে কোন শাখায় যোগাযোগ করা যেতে পারে।


(প্রফেসর ড. সুদীপা দত্ত)
অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।


আহবায়ক (বৈকালিক)
উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি-২০২২
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম


আহবায়ক (দিবা)
উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি-২০২২
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম